

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫২ ৩/ বিতর (أُبْوَابُ الْوِتْرِ) পরিচ্ছেদঃ বিতরের ফ্যীলত।

# باب مَا جَاءَ فِي فَضْل ِ الْوِتْرِ

#### আরবী

حَدَّقَنَا قُتَيْبَةُ، حَدَّقَنَا اللَّيْتُ بْنُ سَعْد، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَاشِدِ اللَّهِ بْنِ أَبِي مُرَّةَ الزَّوْفِيّ، عَنْ خَارِجَةَ بْنِ حُذَافَةَ، أَنَّهُ قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " إِنَّ اللَّهَ أَمَدَّكُمْ بِصَلَاةٍ هِيَ خَيْرٌ لَكُمْ مِنْ حُمْرِ النَّعَمِ الْوِتْرُ جَعَلَهُ اللَّهُ لَكُمْ فِيمَا يَيْنَ صَلَاةِ الْعِشَاءِ إِلَى أَنْ يَطْلُعُ الْفَجْرُ " . قَالَ وَفِي النَّعَمِ الْوِتْرُ جَعَلَهُ اللَّهُ لَكُمْ فِيمَا يَيْنَ صَلَاةِ الْعِشَاءِ إِلَى أَنْ يَطْلُعُ الْفَجْرُ " . قَالَ وَفِي النَّعَمِ الْوِتْرُ جَعَلَهُ اللَّهُ لَكُمْ فِيمَا يَيْنَ صَلَاةِ الْعِشَاءِ إِلَى أَنْ يَطْلُعُ الْفَجْرُ " . قَالَ وَفِي النَّبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَيُرَيْدَةَ وَأَبِي بَصِرْرَةَ الْغِفَارِيِّ صَاحِب رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ خَارِجَةَ بْنِ حُذَافَةَ حَدِيثٌ غَرِيبٌ لاَ اللَّهِ مِنْ حَديثُ غَرِيبٌ لاَ اللَّهِ مِنْ حَديثُ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ . وَقَدْ وَهِمَ بَعْضُ الْمُحَدِّثِينَ فِي هَذَا الْحَديثِ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديث يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ . وَقَدْ وَهِمَ بَعْضُ الْمُحَدِّثِينَ فِي هَذَا الْحَديثِ فَقَالَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَاشِدِ الزَّرُقِيِّ وَهُوَ وَهَمٌ فِي هَذَا . وَأَبُو بَصْرَةَ الْغِفَارِيُّ اسْمُهُ حَمَيلُ بْنُ بَصْرَةَ وَلَا يَصِحِثُ . وَأَبُو بَصْرُو يَ عَنْ أَبِي ذَرِّ وَهُوَ ابْنُ أَخِي أَبِي ذَرٍ .

#### বাংলা

৪৫২. কুতায়বা (রহঃ) ..... খারিজা ইবনু হুযাফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে বের হয়ে এসে ইরশাদ করলেনঃ আল্লাহ্ তা'আলা তোমাদের জন্য একটি সালাত (নামায/নামাজ) বাড়িয়ে দিয়েছেন। রক্ত বর্ণের বহু উট থেকেও তা তোমাদের জন্য কল্যাণকর। এই সালাতটি হল বিতর। এশার সালাত ও সুবহে সা'দিক উভয়ের মধ্যবর্তী সময়টিকে আল্লাহ্ তা'আলা এর জন্য তোমাদের ওয়াক্ত নির্ধারণ করে দিয়েছেন। - "এটা তোমাদের জন্য রক্ত বর্ণের বহু উট থেকেও তা তোমাদের জন্য কল্যাণকর" এই অংশ বাদে সহিহ, ইবনু মাজাহ ১১৬৮, তিরমিজী হাদিস নম্বরঃ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, আবদুল্লাহ ইবনু আমর, বুরায়দা, আবৃ বাসরা গিফারী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ খারিজা ইবনু হুযাফা বর্ণিত হাদীসটি গারীব। ইয়ায়ীদ ইবনু



আবী হাবীবের সূত্র ছাড়া এটা সম্পর্কে আমাদের জানা নেই। এই হদীসটির বেলায় কোন কোন হাদীসবেত্তা বিভ্রান্তির সম্মুখীন হয়েছেন। রাবী আবদুল্লাহ ইবনু রাশিদ যাওফীকে আয্-যুরাকীরূপে উল্লেখ করেছেন। অথচ তা ঠিক নয়। আবূ বাসরা আল-গিফারী হলেন জুমায়ল ইবনু বাসরা; কেউ কেউ তাঁকে জামীল ইবনু বাসরা বলেন, যা সঠিক নয়। আর আবূ বাসরা আল-গিফারী হলেন আবূ যর গিফারী রাদিয়াল্লাহু আনহু থেকে সর্বশেষ বর্ণনাকারী, ইনি আবূ যর গিফারী রাদিয়াল্লাহু আনহু এর ভ্রাতুষ্পুত্র।

### **English**

Kharijab bin Hudhafah narrated:

"Allah's Messenger came out to us and he said: 'Indeed Allah has assisted you with a Salat that is better for you than red camels: Al-Witr which Allah made for you between the Isha prayer till Al-Fajr has begun."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ খারিজাহ বিন হুযাফাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন